গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
www.moa.gov.bd

স্মারক নং-১২.০০.০০০০.০৫২.৯৯.০৩৪.২১.৬০৩ তারিখ: ১৭ এপ্রিল ২০২৫

বিষয়ঃ "কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের ছাত্র-ছাত্রীদের ০৮ (আট) দফা দাবির প্রেক্ষিতে চলমান আন্দোলনের ফলে উদ্ভুত পরিস্থিতি নিয়ে এটিআই ছাত্র প্রতিনিধিদের সাথে আলোচনা ও তাঁদের দাবী নিরসনে করণীয়'' বিষয়ক সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৩ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মোঃ মাঈন উদ্দিন
উপসচিব
ফোন-৫৫১০০৯১৫
ই-মেইল-extension1.moa@gmail.com

বিতরণ :
১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট---------------------- (সকল) [কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর সকল শিক্ষার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো]।

অনুলিপি :

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ -১ শাখা

বিষয়ঃ "কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের ছাত্র-ছাত্রীদের ০৮ (আট) দফা দাবির প্রেক্ষিতে চলমান আন্দোলনের ফলে উদ্ভুত পরিস্থিতি নিয়ে এটিআই ছাত্র প্রতিনিধিদের সাথে আলোচনা ও তাঁদের দাবী নিরসনে করণীয়'' বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান সচিব, কৃষি মন্ত্রণালয়।
সভার তারিখ	:	১৩ এপ্রিল, ২০২৫ খ্রিঃ।
সভার সময়	:	সন্ধ্যা ৭.০০ ঘটিকা।
স্থান	:	সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের ছাত্র-ছাত্রীদের বিভিন্ন দাবী দাওয়া আদায়ের লক্ষ্যে পেশকৃত চলমান আন্দোলন ও তৎপ্রেক্ষিতে দাখিলকৃত ০৮ (আট) দফা দাবি নিয়ে আলোচনার আহ্বান জানান। এ সময় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ) ও যুগ্মসচিব (সম্প্রসারণ অধিশাখা), উপসচিব (সম্প্রসারণ-১), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ উইং), প্রশিক্ষণ উইং এর কর্মকর্তাবৃন্দ এবং আন্দোলনকারী শিক্ষার্থীদের ০৬(ছয়) জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সভাপতি উপস্থিত ছাত্রপ্রতিনিধিদের বলেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষার্থীদের চলমান আন্দোলন ও তাদের দাবী দাওয়ার বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ও এটিআইসমূহের অধ্যক্ষদের সাথে গত ১১ এপ্রিল ২০২৫ তারিখে জুম প্ল্যাটফর্মে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এটিআইসমূহে চলমান আন্দোলন ও দাবী-দাওয়া বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে।

অত:পর, সভাপতি উপস্থিত ছাত্র প্রতিনিধিদের তাঁদের দাবী-দাওয়া সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনার আহ্ববান জানান। সভায় ছাত্র প্রতিনিধিগণ ও উপস্থিত কর্মকর্তাগণ দাবী-দাওয়া সংক্রান্ত বিষয়ে নিম্নোক্তরূপে আলোচনা করেন:

দাবি-১: ডিপ্লোমা কৃষিবিদদের পাবলিক বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ দিতে হবে।

উপস্থিত ছাত্র প্রতিনিধিরা জানান, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট হতে ০৪ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা প্রদান করা হয়। কৃষি ডিপ্লোমা অর্জনের পর উচ্চশিক্ষা গ্রহণের কোন স্বতন্ত্র শিক্ষা প্রতিষ্ঠান নেই। ফলে সামর্থবান ও আগ্রহী কৃষি ডিপ্লোমাধারীগণ উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ হতে বঞ্চিত হচ্ছে। তারা আরো বলেন, পলিটেকনিক হতে পাশ করা ডিপ্লোমাধারীগণ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (DUET), গাজীপুর হতে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ পায়। কিন্তু কৃষি ডিপ্লোমাধারীগণের উচ্চশিক্ষা গ্রহণের জন্য স্বতন্ত্র কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই।

এ প্রসঙ্গে একজন ছাত্র প্রতিনিধি পাইকগাছা কৃষি কলেজ খুলনাতে তাঁদের উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ দেয়ার দাবি উত্থাপন করেন। এছাড়াও, ছাত্র প্রতিনিধিদের আরো একজন বলেন, জগন্নাথপুর ও মোহনগঞ্জে স্থাপিত নতুন ২ টি এটিআই থেকে যেকোন একটিকে তাঁদের উচ্চ শিক্ষার পৃথক বিশ্ববিদ্যালয় হিসেবে সংরক্ষণের প্রস্তাব করেন।

সভাপতি কৃষি ডিপ্লোমাধারীগণের উচ্চশিক্ষার্থে স্বতন্ত্র শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার বিষয়ে একমত পোষণ করেন। তিনি বলেন, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর শিক্ষা কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের মাধ্যমে পরিচালিত হয়। কৃষি মন্ত্রণালয় শুধুমাত্র প্রশিক্ষক পদায়নসহ প্রশাসনিক বিষয়াদি দেখভাল করে। কৃষি ডিপ্লোমাধারীদের উচ্চশিক্ষার বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন হওয়ায় শিক্ষার্থীদের উচ্চশিক্ষার নিমিত্ত একটি স্বতন্ত্র উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনে উদ্যোগ গ্রহণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগে যথাশীঘ্র একটি সুপারিশ প্রেরণ করা হবে মর্মে সচিব মহোদয় জানান।

দাবি-২: উপসহকারী কৃষি কর্মকর্তাদেরকে দ্বিতীয় শ্রেণীর কর্মচারী হিসেবে গেজেট করে প্রজ্ঞাপন জারি করতে হবে এবং প্রতিবছর নিয়োগের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।

ছাত্র প্রতিনিধি সভায় জানান, উপসহকারী কৃষি কর্মকর্তাদেরকে ১১তম গ্রেড হতে ১০ম গ্রেড প্রদান করা হয়েছে, তবে দ্বিতীয় শ্রেণীর কর্মচারী হিসেবে গেজেট প্রকাশ করা হয়নি। এতে করে উপসহকারী কৃষি কর্মকর্তাদের ভেতর হতাশা বিরাজ করছে। তাঁদের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে উল্লেখ করে প্রজ্ঞাপন জারি করা হলে উপসহকারী কৃষি কর্মকর্তাদের ভেতর কর্ম উদ্দীপনা বৃদ্ধি পাবে। এছাড়া প্রতিবছর উপসহকারী কৃষি কর্মকর্তা নিয়োগের ধারাবাহিকতা বজায় রাখলে মাঠ পর্যায়ে কৃষি উন্নয়ন চলমান থাকবে।

সচিব মহোদয় বলেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.১৭১.০৪.০৩৪.২২.১১৯ তারিখ ২১/৭/২০২২ মোতাবেক চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ এর অনুচ্ছেদ-৮ এ গ্রেডভিত্তিক পরিচিতি বিষয়ে সুস্পস্ট উল্লেখ রয়েছে যে, আপাতত বলবৎ এতদসংক্রান্ত অন্য কোন বিধি বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কর্মচারীগণ ১ম, ২য়, ৩য়, ও ৪র্থ শ্রেণিতে বিভাজনের বিদ্যমান ব্যবস্থার পরিবর্তে বেতনস্কেলের গ্রেডভিত্তিক পরিচিত হইবেন। এক্ষেত্রে কর্মচারীগণ ১ম, ২য়, ৩য়, ও ৪র্থ শ্রেণিতে বিভাজনের বিদ্যমান ব্যবস্থার পরিবর্তে বেতন স্কেলের গ্রেডভিত্তিক পরিচিত হওয়ার বিষয়টি উল্লেখ থাকায় উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের ১০ম গ্রেডে ২য় শ্রেণির গেজেটেড বিষয়টি উল্লেখপূর্বক প্রজ্ঞাপন জারি করার কোন সুযোগ নেই।

প্রতিবছর নিয়োগের ধারাবাহিকতা বজায় রাখতে শূন্য পদের বিবরণী উল্লেখপূর্বক অধিযাচন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনে প্রেরণ করা হচ্ছে। প্রতিবছর নিয়োগের ধারাবাহিকতা বজায় রাখার নিমিত্ত সচিব, কৃষি মন্ত্রণালয় এ বিষয়ে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সচিব মহোদয়ের সাথে ইতোমধ্যে কথা বলেছেন এবং পুনরায় যোগাযোগের মাধ্যমে অনুরোধ করবেন বলে ছাত্র প্রতিনিধিদের অবহিত করেন।

দাবি-৩: কৃষি ডিপ্লোমা শিক্ষার মান উন্নয়নের জন্য শিক্ষক সংকট দূরীকরণ করতে হবে।

ছাত্র প্রতিনিধি সভায় জানান যে, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে বিষয়ভিত্তিক শিক্ষক সংকটের কারণে পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। তাছাড়া, অধিকাংশ ক্ষেত্রেই প্রশিক্ষক পদে পদায়নের পর কর্মকর্তাগণ স্বল্প সময়ের মধ্যে অন্যত্র বদলি নিয়ে চলে যান। ফলে শিক্ষা কার্যক্রমে বিঘ্ন ঘটে। এ সংকট নিরসনে উপযুক্ত শিক্ষক পদায়নের জন্য ছাত্র প্রতিনিধি অনুরোধ করেন।

সচিব মহোদয় সভায় জানান, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রশিক্ষক পদায়ন একটি চলমান প্রক্রিয়া। তবে দাবি উত্থাপনের প্রেক্ষিতে ইতোমধ্যে শিক্ষাদানে আগ্রহী বেশ কিছু উপযুক্ত প্রশিক্ষক বিভিন্ন ইনস্টিটিউটে পদায়ন করা হয়েছে এবং স্বল্প সময়ের মধ্যে অবশিষ্ট শূন্য পদে দ্রুত প্রশিক্ষক পদায়ন করা হবে।

দাবি-৪: কৃষি ডিপ্লোমা শিক্ষাকে ডিএই এর অধীনস্থ থেকে বের করে সম্পূর্ণভাবে কৃষি মন্ত্রণালয়ের আলাদা প্রতিষ্ঠান করতে হবে।

ছাত্র প্রতিনিধি সভায় জানান, এটিআইগুলোর সাথে শিক্ষা বোর্ডের সমন্বয়ের অভাব রয়েছে। শিক্ষা বোর্ড হতে তাঁরা সময়মত পরীক্ষার রুটিন, সিলেবাস ও পরীক্ষার প্রবেশপত্র না পাওয়ায় সমস্যার সৃষ্টি হয়। এ সমস্যা নিরসনে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটকে যদি বোর্ডের অধীন থেকে বের করে এনে স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসেবে তৈরি করা যায় তবে এ সমস্যা নিরসন হবে।

সচিব মহোদয় জানান, কৃষি ডিপ্লোমা শিক্ষার একাডেমিক অংশ বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক পরিচালিত হয়। ডিএই'র মাধ্যমে কৃষি মন্ত্রণালয় প্রশাসনিক বিষয় পরিচালনা করে। অন্যান্য বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী প্রদানের ক্ষেত্রেও একই ধরনের পদ্ধতি বিদ্যমান রয়েছে। তিনি বলেন, স্বতন্ত্র প্রতিষ্ঠান প্রতিষ্ঠার বিষয়ে বিষদ পরীক্ষা নিরীক্ষার প্রয়োজনীয়তা রয়েছে। এছাড়া একটি প্রতিষ্ঠান গঠনে বিভিন্ন স্টেকহোল্ডার জড়িত থাকে। তবে, ছাত্রদের শিক্ষা কারিকুলাম ও বোর্ডের সাথে অন্যান্য কার্যক্রমে কোন সমস্যা থাকলে তা কৃষি মন্ত্রণালয়ে লিখিত আকারে প্রেরণ করলে কৃষি মন্ত্রণালয় কারিগরি শিক্ষা বোর্ডের সাথে আলোচনাপূর্বক সমস্যা নিরসনে আন্তরিকভাবে ব্যবস্থা গ্রহণ করবে।

দাবি-৫: সকল কৃষি গবেষণা প্রতিষ্ঠানে সহকারি বৈজ্ঞানিক কর্মকর্তা/ বৈজ্ঞানিক সহকারি পদটি শুধুমাত্র ডিপ্লোমা কৃষিবিদদের জন্যে সংরক্ষিত করতে হবে।

ছাত্র প্রতিনিধি জানান যে, পূর্বে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি গবেষণা প্রতিষ্ঠানে সহকারি বৈজ্ঞানিক কর্মকর্তা/ বৈজ্ঞানিক সহকারি পদে কৃষি ডিপ্লোমাধারীগণ অগ্রাধিকার পেত। বিগত ২-৩ বছর যাবৎ উক্ত পদসমূহে এইচএসসি পাশ প্রার্থীদেরও বিবেচনা করায় কৃষি ডিপ্লোমাধারীদের চাকুরির ক্ষেত্র সংকুচিত হয়ে যাচ্ছে। সকল কৃষি গবেষণা প্রতিষ্ঠানে সহকারি বৈজ্ঞানিক কর্মকর্তা/ বৈজ্ঞানিক সহকারি পদটি শুধুমাত্র ডিপ্লোমা কৃষিবিদদের জন্যে সংরক্ষণ করা গেলে সমস্যার সমাধান হবে।

সচিব মহোদয় বলেন, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, তাঁদের নির্দিষ্ট নিয়োগ বিধি রয়েছে। গবেষণা প্রতিষ্ঠানের নিয়োগবিধিতে কি রয়েছে সে বিষয়ে বিস্তারিত পর্যালোচনা প্রয়োজন। নিয়োগবিধি সংশোধনের ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠান জড়িত। কৃষি মন্ত্রণালয় কর্তৃক এ বিষয়ে গবেষণা প্রতিষ্ঠানসমূহের সাথে আলোচনাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহন করা হবে।

দাবি-৬: ডিপ্লোমা কৃষিবিদদের বেসরকারী চাকুরীর ক্ষেত্রে ন্যূনতম ১০ম গ্রেডের পে-স্কেল বেতন দিতে হবে।

ছাত্র প্রতিনিধি সভায় জানান, ডিপ্লোমা কৃষিবিদগণ বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী করে থাকে। তবে বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের বেতন কাঠামো অনুযায়ী তারা বেতন পায়। বেসরকারী চাকুরীর ক্ষেত্রে ন্যূনতম ১০ম গ্রেডের বেতনের বিষয়ে কার্যক্রম গ্রহণ করলে বেতন বৈষম্য দূর করা সম্ভব।

সচিব মহোদয় বলেন, বেসরকারী প্রতিষ্ঠানে নিয়োগ ও বেতন সংক্রান্ত বিষয়ে নিজস্ব নিয়ম রয়েছে। তাঁদের প্রতিষ্ঠানের আকার, কাজের পরিধি, আর্থিক সক্ষমতা ইত্যাদির কারণে প্রতিষ্ঠান ভেদে বেতন কাঠামো ভিন্ন হয়। তবে ডিপ্লোমা কৃষিবিদদের বেসরকারী চাকুরীর ক্ষেত্রে ন্যূনতম ১০ম গ্রেডের পে-স্কেল বেতন মন্ত্রণালয় প্রত্যাশা করে। এ বিষয়ে সরাসরি কোন সিলিং নির্ধারণ মন্ত্রণালয়ের এখতিয়ার বহির্ভূত।

দাবি-৭: কৃষি ডিপ্লোমা শিক্ষার্থীদের কে মাঠ সংযুক্তি ভাতা প্রদান করতে হবে।

ছাত্র প্রতিনিধি সভায় বলেন, পলিটেকনিক ইনস্টিটিউটে অধ্যয়নরত শিক্ষার্থীগণ বিভিন্ন প্রতিষ্ঠানে মাঠ সংযুক্তিতে নির্দিষ্ট পরিমান ভাতা পান। কৃষি ডিপ্লোমা অধ্যয়নরত শিক্ষার্থীগণ মাঠ সংযুক্তিতে কোন প্রকার ভাতা পান না। এ বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

সচিব মহোদয় জানান, পলিটেকনিক ইনস্টিটিউটে অধ্যয়নরত শিক্ষার্থীগণ বিভিন্ন প্রতিষ্ঠানে মাঠ সংযুক্তিতে কোন নিয়মে ভাতা পান, কোন প্রতিষ্ঠান ভাতা প্রদান করেন এবং কি হারে ভাতা পান সে বিষয়ে তথ্য সংগ্রহ করা হবে। তথ্য সংগ্রহের পর দাবীকৃত ভাতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।

দাবি-৮: উপসহকারী কৃষি কর্মকর্তাদের চাকুরীতে প্রবেশের পর ৬ মাসের ফাউন্ডেশন ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে।

সভায় উপস্থিত ছাত্র প্রতিনিধি সভায় জানান, উপসহকারী কৃষি কর্মকর্তাদের চাকুরীতে প্রবেশের পর ৬ মাসের ফাউন্ডেশন ট্রেনিং এর ব্যবস্থা করা গেলে কর্মক্ষেত্রে সুষ্ঠুভাবে দায়িত্ব পালনে সহায়ক হবে।

সচিব মহোদয় জানান, উপসহকারী কৃষি কর্মকর্তাদের ফাউন্ডেশন প্রশিক্ষণের বিষয়টি নিয়ে মন্ত্রণালয় কর্তৃক ইতোমধ্যে উপসহকারী কৃষি কর্মকর্তাদের ২ মাস ব্যাপী ফাউন্ডেশন প্রশিক্ষণ প্রদানে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগামী অর্থবছর (২০২৫-২৬) হতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। সেজন্যে কৃষি মন্ত্রণালয়ে ১০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। এছাড়া উপসহকারী কৃষি কর্মকর্তাদের ২ মাসব্যাপী মৌলিক প্রশিক্ষণের জন্যে প্রশিক্ষণ উইং, ডিএই এর সহযোগিতায় ট্রেনিং মডিউল তৈরী করার কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

সভায় উত্থাপিত দাবিসমূহের বিষয়ে গঠনমূলক আলোচনার জন্য ছাত্র প্রতিনিধিসহ উপস্থিত সকলকে সভাপতি মহোদয় ধন্যবাদ জানান। তিনি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭.৪.২০২৫

ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান
সচিব
কৃষি মন্ত্রণালয়

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই)-এর বিভিন্ন বিষয় নিয়ে অনুষ্ঠিত সভায় উপস্থিতিবৃন্দের হাজিরা

সভাপতি : ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়।
সভার স্থান : কৃষি মন্ত্রণালয়, সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ১৩ এপ্রিল, ২০২৫, বিকাল ৫.০০ টা।

ক্র:ম	কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা	ই-মেইল ও মোবাইল নম্বর	স্বাক্ষর
০১.			
০২.	দীপঙ্কর বিশ্বাস যুগ্ম সচিব সমন্বয় অধিশাখা MOA.		
০৩.	আলমগীর বিশ্বাস অতিরিক্ত পরিচালক (ডিপ্লোমা এডুকেশন কোঅর্ডিনেশন) প্রশিক্ষণ উইং ডিএই	01710-964696 01710-964696 addiploma.edu@gmail.com	
০৪.	মো: মনিরুল ইসলাম উপপরিচালক (ডি.এডু) প্রশিক্ষণ উইং, ডিএই	monirulban76@gmail.com 01712-948936	
০৫.	মো: বেলাল উদ্দিন পরিচালক প্রশিক্ষণ উইং ডিএই, খামারবাড়ী, ঢাকা	mdbelaluddin79@gmail.com 01710906383	
০৬.			

ক্র:ম	কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা	ই-মেইল ও মোবাইল নম্বর	স্বাক্ষর
১৩.	ঝুমা প্রধান হাসনা ছাত্রী কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট শেরে বাংলা নগর ঢাকা	01750433778	[signature]
১৪.	মো: মুনতাসির রহমান ছাত্র কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট গাইবান্ধা	01401596261	[signature]
১৫.	রায়হান উদ্দিন শামীম ছাত্র, এটিআই- বেগমগঞ্জ, নোয়াখালী	01828157851	[signature]
১৬.	এম. এ. আহাদ ছাত্র; কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা	01859-616730	Ahad
১৭.	মো: শুভ সরকার ছাত্র কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট বাঞ্ছারামপুর বি-বাড়িয়া	01822974203	[signature]
১৮.	মো: আসাদুজ্জামান আবির ছাত্র, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	01304035829	Akir
১৯.			